

জয়শীলা গুহবাগচীর কবিতা

২.

সবই তেমনই থাকে  
মাপমত  
এখন শুধুই দেখার উৎসব  
সেদিন যেমন ছিল  
তারার গা ফুঁড়ে ফুঁড়ে  
ঝলমল হেসেছিল পাহাড়  
কিংবা কৈলাসে কিন্নরীর গন্ধ  
জাম্বাকাপড় খুলে  
হাড়গোড় সামলে  
বিস্মাস বিস্মাস তীক্ষ্ণ গেয়েছিল

তারপর থেকে  
শিউগঙ্গাজি  
কতবার পাঁচফোড়ন বেছে দিলেন  
কতবার অপৌরুষের বলে  
শেষ অবধি  
নকশাদার কুল্লু শাল পাওয়া গেল

১০.

আনাচে কানাচে জেগে উঠছে ঘোড়া  
কেশরে লাফিয়ে উঠছে দুরন্ত অবসর  
পাহাড়ি ইন্দ্রজালের ঘন  
নীল লকগেট খুলে দেয়  
মনে হয় কতদিন চলকে ওঠেনি চোখ  
ছটকে ওঠেনি থার্মোমিটার  
ঠোঁট থেকে কফিকাপ  
চলে গেছে শতদ্র জলে  
ধোঁয়া ছুঁয়ে আছে শুধু  
ছুটির বারান্দায়